দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 13 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 4

00 034

# শিক্ষকদের নিরাপত্তা বিধানের দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

চলতি উচ্চ মাধ্যমিক পরীক্ষার দায়িত্ব পালন করতে গিয়ে দেশের বিভিন্ন স্থানে শিক্ষকগণ লাঞ্ছিত হবার খবরে গভীর উদ্বেগ প্রকাশ করে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারী জেনারেল ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি প্রিন্সিপাল শহীদুল্লাহ কর্তব্যরত শিক্ষকদের প্রয়োজনীয়

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## শিক্ষকদের

প্রথম পৃষ্ঠার পর

নিরাপত্তা বিধানের দাবী জানিয়েছেন। ফেডারেশনের আহবানে ইতিমধ্যে অনুষ্ঠিত পরীক্ষাসমূহে নকল প্রতিরোধকল্পে শিক্ষকবৃন্দের কর্তব্যনিষ্ঠা ও দৃঢ়তার জন্য তাঁদেরকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে তিনি পরবর্তী পরীক্ষাসমূহেও সাহসিকতার সাথে পরিস্থিতি মোকাবেলার আহবান জানিয়েছেন।

প্রিন্সিপাল এম শহীদুল্লাহ অপর এক বিবৃতিতে গত ৮ই জুন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কর্তব্যরত ভাওয়াল বদরে আলম সরকারী কলেজের শিক্ষক তবিবুর রহমানের সড়ক দুর্ঘটনায় মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। একই দুর্ঘটনায় আহত শিক্ষক আবদুল মজিদের দ্রুত আরোগ্য লাভের জন্য প্রয়োজনীয় চিকিৎসা সুবিধাদানের দাবী জানিয়েছেন।